# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪৯

১/ বিবিধ

আরবী

من أغاث ملهو فا كتب الله له ثلاثة وسبعين مغفرة واحدة منها صلاح أمره كله، واثنتان وسبعون درجات له يوم القيامة

موضوع

رواه العقيلي في " الضعفاء " (140) وكذا ابن حبان (1 / 304) وأبو نعيم في " الأخبار " (2 / 74) عن عبد العزيز بن عبد الصمد العمي قال: حدثنا زياد بن أبي حسان عن أنس مرفوعا

وقال العقيلي: " لا يعرف إلا به ". يعني زيادا هذا. وقال ابن حبان: " كان شعبة شديد الحمل عليه، وكان ممن

يروي أحاديث مناكير، وأوهاما كثيرة ". وقال البخاري: " كان شعبة يتكلم فيه

وفي " الميزان ": " قال الحاكم: روى عن أنس وغيره أحاديث موضوعة، وكان شعبة شديد الحمل عليه وكذبه، قال الدارقطني: متروك، وقال أبو حاتم وغيره: لا يحتج به ". وقال النقاش فيه مثل قول الحاكم المتقدم. ومن طريق زياد رواه أبو يعلى والبزار كما في " المجمع " (8 / 191)

والحديث أورده ابن الجوزي في " الموضوعات " من طريق العقيلي ثم قال (2 / 171) : " موضوع، والمتهم بوضعه زياد

وتعقبه السيوطي في " اللآلي " (ص 352) بأن له طريقين آخرين وشاهدا من حديث ثوبان

أما الطريق الأول فساقه من رواية ابن عساكر بسنده عن القاضي أبي محمد عبد الله بن محمد بن عبد الغفار بن ذكوان: حدثنا أبو علي محمد بن سليمان بن حيدرة: حدثنا أبو سليم إسماعيل بن معن (الأصل: حصني وهو خطأ) : حدثنا [أبو] المغيرة: حدثنا إسماعيل بن عياش: حدثنا عبد الله بن عبد الرحمن بن أبي حسين المكي: سمعت أنس بن مالك يقول: فذكره

قلت: وسكت عليه السيوطي فما أحسن، فإن ابن ذكوان هذا أورده الذهبي في " الميزان " ثم ابن حجر في " اللسان " وقالا: " تكلم فيه عبد العزيز الكتاني

ومحمد بن سليمان بن حيدرة مجهول الحال، وحيدرة اسم أحد جدوده، واسم جده الأدنى الحر بن سليمان. هكذا ذكره ابن عساكر في " تاريخه " (15 / 193 / 2) وفي ترجمته ساق له هذا الحديث، ولم يذكر فيه جرحا ولا تعديلا، وتمام الحديث عنده ومن قال: أشهد أن لا إله إلا الله وحده لا شريك له أحدا صمدا لم يلد ولم يولد ولم يكن له كفوا أحد، كتب الله له بها أربعين ألف حسنة ". وبقية رجال الإسناد ثقات غير أن إسماعيل بن عياش ضعيف في روايته عن غير الشاميين وهذه منها، وإسماعيل بن معن له ترجمة في ابن عساكر (2 / 415 / 2)

وجملة القول: أن سند هذه الطريق مظلم فلا يدفع بمثله حكم ابن الجوزي عليه بالوضع، لاسيما وفيها تلك الزيادة التي تؤكد هذا الحكم لما فيها من المبالغة في الأجر لمجرد النطق بتلك الجملة المباركة، وهذه المبالغة من أمارات وضع الحديث كما هو مقرر في محله

وأما الطريق الثاني: فساقه السيوطي من رواية أبي طاهر الحنائي بسنده عن عيسى بن يعقوب بن جابر الزجاج: حدثنا دينار مولى أنس بن مالك: حدثني أنس بن مالك به وهكذا رواه الخطيب في " التاريخ " (11 / 175) في ترجمة الزجاج هذا ولم يذكر فيه جرحا ولا تعديلا. وهذا إسناد تالف دينار هذا قال ابن حبان (1 / 290) : " يروي عن أنس أشياء موضوعة

وقال الحاكم: " روى عن أنس قريبا من مائة حديث موضوعة ". فإيراد السيوطي لهذا

الطريق التالف، وسكوته عليه من العجائب! وقد فاته طريق ثالث، أخرجه أبو نعيم في " أخبار أصبهان " (1 / 350) عن أبان عن أنس مرفوعا
لكن أبان هذا وهو ابن أبي عياش كذاب فلا يفرح به! وأما الشاهد فهو الحديث الآتي

বাংলা

৭৪৯। যে ব্যক্তি অত্যাচারিত ব্যক্তিকে সহযোগিতা করবে, তার জন্য আল্লাহ তা'আলা তিহাওরটি ক্ষমা লিখে দিবেন। তার মধ্য হতে একটি সে ব্যক্তির সকল কর্মের বিশুদ্ধতার জন্য। আর বাহাত্তরটি হবে কিয়ামত দিবসে তার মর্যাদার স্তর হিসাবে।

হাদীছটি জাল।

এটি উকায়লী "আয-যোয়াফা" (১৪০) গ্রন্থে, অনুরূপভাবে ইবনু হিব্বান (১/৩০৪) এবং আবু নোয়াইম "আল-আখবার" (২/৭২) গ্রন্থে আব্দুল আযীয ইবনু আব্দিস সালাম আল-আমী হতে তিনি যিয়াদ ইবনু আবী হাস্সান হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

উকায়লী বলেনঃ হাদীছটি একমাত্র যিয়াদের সূত্রেই জানা যায়। ইবনু হিব্বান তার সম্পর্কে বলেনঃ শু'বাহ তার উপর কঠোর ভাবে আক্রমণকারী ছিলেন। তিনি কতিপয় মুনকার ও বহু সন্দেহমূলক হাদীছ বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত ছিলেন। ইমাম বুখারী বলেনঃ শু'বাহ তার সমালোচনা করতেন। “আল-মীযান” গ্রন্থে এসেছে; হাকিম বলেনঃ তিনি আনাস (রাঃ) ও অন্যদের থেকে বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। শু'বাহ তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। দারাকুতনী বলেনঃ তিনি মাতরূক। আবু হাতিম ও অন্য বিদ্বানগণ বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। তার সম্পর্কে নাক্কাশও হাকিমের ন্যায় কথা বলেছেন।

ইবনুল জাওযী হাদীছটি “আল-মাওযু'আত” (২/১৭১) গ্রন্থে উকায়লীর সূত্রে উল্লেখ করে বলেছেনঃ এটি বানোয়াট। যিয়াদ জাল করার দোষে দোষী। সুয়ূতী "আল-লাআলী" (পৃঃ ৩৫২) গ্রন্থে আরো দুটি সূত্র এবং একটি শাহেদ আছে বলে ইবনুল জাওযীর সমালোচনা করেছেন। কিন্তু প্রথম সূত্রটি অন্ধকারাচ্ছন্ন। একাধিক বর্ণনাকারীর মধ্যে সমস্যা থাকার কারণে। তাতে আবু মুহাম্মাদ ইবনু যাকুওয়ান রয়েছেন, তিনি সমালোচিত। আবু আলী মুহাম্মাদ ইবনু সুলায়মান রয়েছেন, তিনি মাজহুল। ইসমাঈল ইবনু আইয়াশ রয়েছেন, তিনি দুর্বল। এ ছাড়া এটির বর্ধিত অংশে সাওয়াব প্রাপ্তির ক্ষেত্রে অতিশয় বাড়াবাড়ি করা হয়েছে যা প্রমাণ করছে হাদীছটি বানোয়াট হওয়ার।

দ্বিতীয় সূত্রটিতে আনাস ইবনু মালেক (রাঃ)-এর দাস দীনার রয়েছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান (১/২৯০) বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে আনুমানিক একশতটি বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। সুয়ূতী এটি উল্লেখ করে চুপ থেকেছেন। এই চুপ থাকাটা আশ্চর্যজনক!

তৃতীয় আরেকটি সূত্রে আবান ইবনু আবী আইয়াশ রয়েছেন, তিনি মিথ্যুক। তার দ্বারা আনন্দিত হওয়ার কোন কারণ নেই।

আর শাহেদটি হচ্ছে আগত হাদীছটিঃ (দেখুন পরের হাদিস)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71628

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন